Donate

[আমিওপারি ডট কম](http://www.amiopari.com/)

ইতালি,ইউরোপের ভিসা,ইম্মিগ্রেসন,স্টুডেন্ট ভিসা,ইউরোপে উচ্চ শিক্ষা

- প্রথম পাতা
- বাংলা নাটক/গান/সিনেমা
- ফ্রি ব্যক্তিগত বিজ্ঞাপন
- প্রবাসের অনুষ্ঠান আয়োজন
- আপনিও লিখুন

# বাংলাদেশে ভিএফএসের হয়রানি নিয়ে কথা বললেন স্বয়ং রোমে দায়িত্বরত বাংলাদেশের রাষ্ট্রদূত শাহদৎ হোসেন।

by mainul islam nasim on জুলাই ৩, ২০১৫পোস্ট টি ১,৬১৩ বার পড়া হয়েছে in ইতালির ও ইউরোপের ভিসাগত পরামর্শ




মাঈনুল ইসলাম নাসিম : ঢাকাস্থ ইতালীয়ান দূতাবাসের নিয়োগকৃত এজেন্সি 'ভিএফএস গ্লোবাল' কর্তৃক ভিসা আবেদনকারীদের হয়রানি-ভোগান্তি কমার কোন লক্ষণ দেখছেন না স্বয়ং রোমে দায়িত্বরত বাংলাদেশের রাষ্ট্রদূত শাহদৎ হোসেন। প্রবাসীদের বহুদিনের অভিযোগ এখনো একটুও কমেনি বলেই মনে করছেন পেশাদার এই কূটনীতিক। ২ জুলাই বৃহস্পতিবার এই

প্রতিবেদকের সাথে একান্ত আলাপচারিতায় রাষ্ট্রদূত শাহদৎ হোসেন ঢাকায় চলমান সংকট মোকাবেলায় ইতালীতে তাঁর এবং তাঁর দূতাবাসের অবস্থান ব্যাখ্যা করছিলেন।

রাষ্ট্রদূত শাহদৎ হোসেন জানান, "এখানকার প্রবাসী বাংলাদেশীরা বহুবার আমাকে জানিয়েছেন বাংলাদেশে তাদের পরিবার-পরিজনের ভোগান্তির কথা। তাদের কাছ থেকে অন্যায়ভাবে যে হাজার হাজার এমনকি লাখ লাখ টাকা আদায় করে আসছে ঢাকার ভিএফএস গ্লোবালের লোকজন, তারও অনেক তথ্য-প্রমাণ নিয়ে প্রবাসী বাংলাদেশীরা প্রায়ই আমাদের দূতাবাসে শরণাপন্ন হয়ে থাকেন। রাষ্ট্রদূত হিসেবে আমিও বহুবারই এখানকার পররাষ্ট্র মন্ত্রনালয়ের কর্মকর্তাদেরকে বিষয়টি জানিয়েছি"। এতোবার জানানো সত্বেও বরফ কেন গলছে না, জানতে চাইলে রাষ্ট্রদূত স্পষ্ট করেই বললেন, "রোম থেকে আমার বা আমাদের দূতাবাসের করণীয় এ ক্ষেত্রে খুবই সীমিত"।

ঢাকাস্থ ইতালীয়ান দূতাবাসের নাকি জনবল সংকট, এমনটা তাঁকে অবহিত করা হয়েছে বলে জানান রাষ্ট্রদূত শাহদৎ হোসেন। তবে তিনি মনে করেন, "বাংলাদেশে ভিএফএস গ্লোবালের ভালো-মন্দ সবকিছু দেখভালের দায়িত্ব ঢাকাস্থ ইতালীয়ান দূতাবাসেরই"। দীর্ঘদিন ধরে প্রবাসীদের পরিবার-পরিজনের কাছ থেকে অবৈধভাবে অর্থ আদায়ের যে অপকর্ম বা অপরাধটি ভিএফএস বা তাদের লোকজন করে আসছে, তা বন্ধে কূটনৈতিকভাবে কার্যকর আরো কিছু করার আছে কি-না জানতে চাইলে রাষ্ট্রদূত বলেন, "ভিএফএস যা করছে তা অপরাধ কি অপরাধ নয়, একজন ডিপ্লোম্যাট হিসেবে এ ব্যাপারে আমি সরাসরি কোন মন্তব্য করতে চাই না"।

ঢাকাস্থ ইতালীয়ান দূতাবাসের নিয়োগকৃত এজেন্সি'র অবৈধ বানিজ্য বন্ধে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রনালয়ের দায়বদ্ধতা কতটুকু জানতে চাইলে রাষ্ট্রদূত শাহদৎ হোসেন জানান, "হাঁ, এটা ঠিক যে, প্রবাসী বাংলাদেশীদের এই গুরুত্বপূর্ণ ইস্যুতে আমাদের পররাষ্ট্র মন্ত্রনালয়ের পক্ষে অনেক কিছুই করা সম্ভব"। প্রসঙ্গতঃ উল্লেখ্য, ভিএফএস গ্লোবালের ওয়েবসাইটে গিয়ে অ্যাপয়েন্টমেন্টের কোন হদিস পাওয়া না গেলেও তাদের এজেন্টরা ভিসা আবেদনকারীদের কাছ থেকে জনপ্রতি লাখ টাকার বিনিময়ে অ্যাপয়েন্টমেন্টের এই অবৈধ বানিজ্যটি করে আসছে স্থানীয় প্রশাসনের প্রত্যক্ষ যোগসাজশে। ঢাকার স্বরাষ্ট্র মন্ত্রনালয়ের এখানটায় নির্বিকার ভূমিকা নিয়ে ইতিমধ্যে ক্ষোভ প্রকাশ করেছেন ইতালীর বিভিন্ন শহরে বসবাসরত প্রবাসী বাংলাদেশীরা।

উল্লেখ্যঃ যারা ভিএফএসে তাদের ফাইল জমা করাতে পারছেন না? তারা আমিওপারি টিম এর সাথে যোগাযোগ করতে পারেন।

আমাদের সাথে যোগাযোগের বিস্তারিতঃ স্ক্যাইপ- amiopari টেলঃ +৩৯ ০৬২৪৪০৫২১৭ মোবাইল +৩৯ ৩৩৮১৪০৮৯১৭ (WIND)মোবাইলঃ +৩৯ ৩২০০৪১২৫৪০ (WIND) মোবাইলঃ +৩৯ ৩৪২৭৯৭৩২৮০ (WIND) ইমেইলঃ info@amiopari.com

ঠিকানাঃ Via Delle Albizzie-27, 00172 Rome (Centocelle), Italy.

আর যারা আপনাদের ফেসবুকে আমাদের সাইটের প্রতিটি লেখা পেতে চান তারা এখানে ক্লিক করে আমাদের অফিশিয়াল ফেসবুক পেজে গিয়ে লাইক দিয়ে রাখতে পারেন। তাহলে আমিওপারিতে প্রকাশিত প্রতিটি লেখা আপনার ফেসবুক নিউজ ফিডে পেয়ে যাবেন। ধন্যবাদ।

*****লেখাটি ভালো লাগলে আপনার বন্ধুদের সাথে শেয়ার করুণ!*****

SHARES

+

## সম্পর্কিত আরো কিছু পোস্ট দেখতে পারেন...

বাংলাদেশে ইতালির ভিসা সেন্টারে (VFS Global) ঘুষ দুর্নীতির চিত্র

ইতালিতে ২০১৩ সিজনাল ভিসায় বাংলাদেশ বাদ পরার কারন জানালেন ইতালি রাষ্ট্রদূত ‘শাহাদাত হোসেন’

ইতালির ফ্যামিলি ভিসা জমা দেওয়ার ক্ষেত্রে কিভাবে কি করবেন বিস্তারিত সকল তথ্য!!

জার্মান ভিসা আবেদনের নতুন নিয়ম ২০১৪ অক্টোবর থেকে।


ইতালীর ভিসা : ঢাকায় মাফিয়া বিজনেস বন্ধ হবে কি?

ইতালির ভিসা নিয়ে হয়রানীর কারনে ঢাকাস্থ ইতালীয়ান দূতাবাসের বিরুদ্ধে রোম ট্রাইব্যুনালে মামলা দায়ের

### সম্পর্কিত আরো কিছু পোস্ট দেখতে পারেন...

- ইতালির ভিসা নিয়ে হয়রানীর কারনে ঢাকাস্থ ইতালীয়ান দূতাবাসের বিরুদ্ধে রোম ট্রাইব্যুনালে মামলা দায়ের
- ইতালীর ভিসা : ঢাকায় মাফিয়া বিজনেস বন্ধ হবে কি?
- কিভাবে সেনজেন ভিসার জন্য আবেদন করবেন এবং কি কি প্রয়োজন? জেনে নিন বিস্তারিত!
- ইউরোপের সেঙ্গেন ভিসা তথা Visa Information System কিভাবে কাজ করে?
- ইতালির ফ্যামিলি ভিসার পর এবার পার্মানেন্ট ওয়ার্ক পারমিট এর উপর কড়াকড়ি।
- আপনি কি জানেন? সম্প্রতি ইতালির ফ্যামিলি ভিসার উপর অনেক কড়াকড়ি নিয়ম করা হয়েছে?
- বিভিন্ন দূতাবাস না গিয়ে অনলাইনেই দেখে নিতে পারবেন বিশ্বের সব দেশের ভিসা বিষয়ক তথ্য!

### এই লেখাটি লিখেছেন...



mainul islam nasim – সে এই পর্যন্ত 91 টি পোস্ট লিখেছেন এই সাইট এর জন্য আমিওপারি ডট কম.

লেখকের সাথে যোগাযোগ করুন !

আপনার মন্তব্য লিখুন

{ 0 comments… add one now }

Leave a Comment

Name *

E-mail *

Website

Submit

- **সকল বিভাগ সমূহ**
  - জার্মানের নিউজ, দূতাবাস ও ইম্মিগ্রেশন তথ্য
  - ডেনমার্কের নিউজ, দূতাবাস ও ইমিগ্রেশন তথ্য
  - ফ্রান্সের নিউজ,দূতাবাস ও ইম্মিগ্রেশন তথ্য
  - ইতালিতে ও বিভিন্ন দেশের চাকুরী সংক্রান্ত সকল তথ্য
  - ইতালির ড্রাইভিং লাইসেন্স সংক্রান্ত
  - ইউরোপ ও আন্নান দেশে উচ্চ শিক্ষা
  - ইতালি সম্পর্কে
  - ইতালিতে আমাদের নিত্য প্রয়োজনীয় তথ্য
  - ইতালিতে চিকিৎসা সম্পর্কিত
  - ইতালি ও ইউরোপের আইনগত গাইড
  - ইতালির ও ইউরোপের ভিসাগত পরামর্শ
  - ইতালির ডকুমেন্ট নিয়ে প্রস্ন ও তার উত্তরঃ
  - ইতালিতে প্রবাসীদের সমস্যা গুলো
  - permesso di Soggiorno ও ডকুমেন্ট সম্পর্কিত
  - ইতালির ইম্মিগ্রেশন তথ্য
  - ইউরোপ ও অন্যান্য দেশের ইম্মিগ্রেশন তথ্য
  - ইতালি ও ইউরোপের দূতাবাস সম্পর্কিত তথ্য
  - ইতালিতে পড়ালেখা সংক্রান্ত
  - ইতালির মসজিদ গুলো
  - ইতালির নামাযের সময় সূচি
  - ইতালি মার্কেটের পাবলিসিটি